বিএনপি নেতা জাকিরের ত্রাণ বিতরণ অব্যাহত

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ও পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে ত্রাণ বিতরণ অব্যাহত রয়েছে। শুক্রবার মেহেরপুর শহরের প্রায় ৩০টি পরিবারের হাতে ব্যক্তিগত ভাবে ত্রাণ খাদ্য সামগ্রী পৌছে দেন।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে পৌছে দেন।

অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত থাকবে বলে জানান জাকির হোসেন।

দামুড়হুদায় উপজেলা পরিষদের পক্ষ থেকে ত্রাণ সামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা পরিষদের পক্ষ থেকে আজ বুধবার দুপুর ১২ টার দিকে করোনা ভাইরাসে কার্পাসডাঙ্গা বাজারের বিভিন্ন ব্যাবসার সাথে জড়িত কর্মহীন হয়ে পড়া ব্যাক্তিদের মাঝে খাদ্য সামগ্রী তুলে দেন দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

এ সময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, প্যানেল চেয়ারম্যান আব্দুল হাকিম, মন্টু মেম্বর, আসলাম মেম্বর, মুকুল মেম্বর, ইউপি সচিব মহিউদ্দীন, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, ছাত্রলীগ নেতা অপু সরকার,

সাংবাদিক আতিয়ার রহমান, শরীফ রতন, মেহেদী হাসান মিলন সাংবাদিক আশরাফুজ্জামান রনি, সাংবাদিক আজিমউদ্দিন সাংবাদিক আমিনুল ইসলাম

মেহেরপুর সদরে ১১৫০ পরিবারকে দেওয়া হচ্ছে ত্রান সামগ্রী

মেহেরপুর সদর উপজেলার রাজস্ব তহবিল থেকে ১টি পৌরসভা ও ৫টি ইউনিয়নে ত্রান বিতরন করা হয়েছে।

শুক্রবার সকালে উপজেলা পরিষদ থেকে পৌরসভা ও ৫টি ইউনিয়নে ত্রান সামগ্রী পৌঁছে দেওয়া হয়।

সেখান থেকে সাধারণ নিম্ন আয়ের মানুষের মাঝে বিতরণ করা হয়।

সদর উপজেলার ১১৫০ পরিবারের মাঝে এই ত্রান সামগ্রী বিতরণ করা হবে।

প্রতিটি পরিবারকে ৫ কেজি চাল, ২কেজি আলু, ১ কেজি ডাল ও আধা লিটার তেল দেওয়া হচ্ছে।

মেপ্র/এমএফআর